



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর মে /২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	১৭-০৫-২০২০
সভার সময়	সকাল ১২: ০০ ঘটিকা
স্থান	অনলাইন মাধ্যম
উপস্থিতি	ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন পরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ৩০-০৪-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত
-----------	--------	-----------

০১	<p><b>নভেল করোনাভাইরাস (কোভিড-১৯)</b></p> <p>করোনাভাইরাস (Covid-19) এর সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব রোধকল্পে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১৩ মে ২০২০ তারিখের পত্র মোতাবেক কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের নিমিত্তে স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক ১৩ (তের) দফা নির্দেশনাসমূহ যেমন প্রয়োজনীয় সংখ্যক জীবানুমুক্তকরন ট্যানেল স্থাপনের ব্যবস্থা, অফিস চালু করার পূর্বে অবশ্যই প্রতিটি অফিস কক্ষ/আঙ্গিনা/রাস্তাঘাট জীবানুমুক্তকরন, প্রবেশ পথে থার্মাল স্ক্যানার দিয়ে শরীরে তাপমাত্রা পরীক্ষা, অফিসের গাড়ি অবশ্যই শতভাগ জীবানুনাশক দিয়ে জীবানুমুক্ত করতে হবে, সকলকে সার্জিক্যাল মাস্ক অথবা তিন স্তর বিশিষ্ট কাপড়ের মাস্ক ব্যবহারকরন, যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বারবার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার, খাওয়ার সময় শারীরিক দূরত্ব তিন ফুট বজায় রাখা, কর্মস্থলে সকলকে অবশ্যই মাস্ক পরিধান এবং বারবার সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত ধৌতকরনসহ সংশ্লিষ্ট সকলকে কর্মনিষ্ঠা ও একাগ্রতার সাথে পরিস্থিতি মোকাবেলার করার ব্যাপারে আলোচনা হয়। সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ নং আইন) এর ১১ (১) ধারার ক্ষমতাবলে সমগ্র বাংলাদেশকে সংক্রমণের ঝুঁকিপূর্ণ এলাকা ঘোষণা করায় নভেল করোনাভাইরাস (কোভিড-১৯) এর পরিস্থিতি মোকাবেলার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ (একত্রিশ) দফা নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গেও আলোচনা হয়।</p> <p>এছাড়াও ০৭ মে ২০২০ তারিখের পত্র মোতাবেক সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) অনুসরণ প্রসঙ্গে আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ নির্দেশিত সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সরকারী প্রতিষ্ঠান এবং কর্মচারীদের করণীয় ও বর্জনীয় নির্ধারণ, জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোন সার্ভিস/ পেশাকে হেয় প্রতিপন্ন পোস্ট দেয়া বিরত থাকা। জনমনে অসন্তোষ সৃষ্টিকারী কোন কিছু শেয়ার থেকে বিরত। ভিত্তিহীন, অসত্য তথ্য প্রচার না করা প্রসঙ্গে আলোচনা হয়।</p>	সবাইকে স্বাস্থ্য বিধি মেনে সতর্ক থাকা এবং সকল কর্মকর্তা কর্মচারীকে সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ এবং নির্দেশানাবলী যথাযথভাবে পালন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
০২	<p><b>ইআরপি</b></p> <p>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জন্য সমন্বিত ইআরপি ও অন্তর্বর্তীকালীন ড্যাশবোর্ড এর কাজের অগ্রগতি পর্যালোচনা করে Real time data দেয়া, Trial run করা এবং ড্যাশবোর্ডের Mobile version এর ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও মোবাইল অ্যাপসের কার্যক্রম এবং এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম যেমন গুগল প্লেস্টোর এবং এপস স্টোরে আপলোড করা সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।</p>	সহকারী পরিচালক রিজার্ভয়ার ও প্রডাকশন জনাব শিহাব মাহমুদকে টেন্ডার বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করার নির্দেশ দেয়া হয়।
০৩	<p><b>বাজেট পরিকল্পনা</b></p> <p>পরিচালক জনাব মো: জাকির হোসেন বাজেট সংক্রান্ত বিষয় উত্থাপন করে বলেন জুন মাস বাজেট নির্ধারণের মাস। আমাদের বাজেট সংক্রান্ত কাজ সমূহ গুছিয়ে রাখতে হবে। ২০২০-২১ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণের ব্যাপারে আলোচনা হয়।</p>	২০২০-২১ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরের প্রক্ষেপণ প্রনয়নের ব্যাপারে সিদ্ধান্ত হয়।

০৪	<p><b>অনিষ্পন্ন বিষয়াদি</b></p> <p>Energy Sector Master Plan, Unconventional Energy, Resource mapping এবং হাইড্রোকার্বন ইউনিট এর “Capacity Building of Human Resources And Petroleum Resources Management শীর্ষক প্রকল্প নিয়ে আলোচনা হয়। এছাড়াও শিল্প খাতে গ্যাসের ব্যবহারের উপর অর্জিত ডাটা সংক্রান্ত তথ্য নিয়ে আলোচনা হয়।</p>	আমাদের অনিষ্পন্ন কাজ গুলো সম্পন্ন করার সিদ্ধান্ত হয়।
০৫	<p><b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA):</b></p> <p>প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া নির্দেশিকা, চুক্তির কাঠামো, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের নির্দেশিকা সম্পর্কে আলোচনা হয়। পরিচালক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তৃতীয় ত্রৈমাসিক অগ্রগতি সম্পর্কে আলোকপাত করে বলেন ২০১৪-১৫ অর্থ বছর হতে ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত সময়ে উল্লেখযোগ্য অর্জনসমূহ যেমন ০৩ বছরে ৪৫ টি কারিগরি প্রতিবেদন প্রস্তুতকরণ, ৪০ টি সেমিনার/ওয়ার্কশপ আয়োজন, হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক সম্পাদিত “জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রণীত আইন, বিধি ও নীতিমালার সংকলন,” প্রকাশ; গ্যাস এবং কয়লা মজুদ ও উতপাদনের মাসিক প্রতিবেদন (জুলাই ২০১৬ থেকে ফেব্রুয়ারি ২০২০); গ্যাস উতপাদন, বিতরণ ও কনজাম্পশনের বার্ষিক প্রতিবেদন (২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯) প্রস্তুতকরণ; Energy Economics প্রতিবেদন, Energy Scenario of Bangladesh প্রতিবেদন (২০১৫-২০১৬ ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮); A Glossary of Terms Generally used in Petroleum and Mineral Resources Industry তৈরি এবং উল্লেখযোগ্য অর্জনসমূহ নিয়ে আলোচনা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। মহাপরিচালক মহোদয় বলেন, এপিএতে কিছু টার্গেট আছে। মাসিক ১২টি এবং বার্ষিক একটি রিপোর্টের উপর আমাদের নম্বর নির্ধারিত হয়। হাইড্রোকার্বন ইউনিটের ২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্র (Annual Performance Agreement)-অনুযায়ী টার্গেট বাস্তবায়নের ব্যাপারে আলোচনা হয়।</p>	এপিএ সংক্রান্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করে নাথায় কিভাবে বাড়ানো যায় সে ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৬	<p><b>ইনোভেশন:</b></p> <p>জনগণের দোর গোড়ায় সরকারি সেবা নিশ্চিত করা, সেবার মান বৃদ্ধি এবং সেবাকে অধিকতর জনবান্ধব করার জন্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ। জনপ্রশাসনে কাজের গতিশীলতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে অংশগ্রহণ, উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের মূল্যায়ন, সেবা সহজিকরণের লক্ষ্যে দেশের জ্বালানি ও খনিজ সম্পদের উৎপাদন, আমদানি, মজুদ, বিতরণ প্রভৃতি তথ্য সম্বলিত একটি অন্তর্বর্তীকালীন ড্যাশবোর্ডের বাস্তবায়নের চূড়ান্ত অফিস আদেশ জারি করে সারাদেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন করার বিষয়ে আলোচনা হয়। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ২০১৯-২০২০ নিয়ে আলোচনা হয়। এছাড়াও হাইড্রোকার্বন ইউনিটের ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে বাস্তবায়িত এনার্জি ক্যালকুলেটর, সেবা সহজীকরণের পদ্ধতি নিয়ে আলোচনা হয়।</p>	ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

০৭	<p><b>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</b> জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ অর্থ বছরের তৃতীয় কোয়ার্টারের বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। পরিচালক জানান অফিসের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন, সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা, শাখা-অধিশাখা পরিদর্শন, দুর্নীতি প্রতিরোধের স্লোগান সমৃদ্ধ প্ল্যাকার্ড বিতরণ করা, বিদ্যুৎ / জ্বালানি বিল নিয়মিত পরিশোধ, গাড়ীতে জ্বালানি তৈল ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ এবং নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়।</p>	<p>তৃতীয় কোয়ার্টারে শুদ্ধাচারের নির্দেশিত কার্যাবলিসমূহ যেমন অফিসের সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৮	<p><b>মানব সম্পদ উন্নয়ন</b> মানব সম্পদ উন্নয়নে কর্মপন্থা নির্ধারণের নিমিত্ত ঘাটতি চিহ্নিত করে উত্তরণের সুপারিশ প্রণয়ন প্রসঙ্গে আলোচনা হয়। ২৯-০১-২০২০ ইংতারিখে অনুষ্ঠিত মানব সম্পদ উন্নয়ন কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে মানব সম্পদ উন্নয়নে আমাদের মতামত চাওয়ার প্রেক্ষিতে ২৯ টি দপ্তর/সংস্থা/ কোম্পানির মধ্যে বড় পুকুরিয়া কোল মাইনিং, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড মতামত প্রদান করেছে।</p>	<p>মতামত সমূহ পর্যালোচনা করে প্রতিবেদন তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৯	<p><b>অফিস রক্ষণাবেক্ষণ</b> নিয়মিতভাবে অফিসের রক্ষণাবেক্ষণের ব্যাপারে আলোচনা হয়। ছাদের বাগান পরিচর্যা, নিয়মিতভাবে গাছে পানি দেয়া এবং অফিসের গাড়ি পর্যবেক্ষণের ব্যাপারে আলোচনা হয়।</p>	<p>আউট সোর্সিং এর কর্মচারী এবং ড্রাইভারদেরকে পর্যাপ্ত সতকর্তার সাথে রোটেশনের ভিত্তিতে গাড়ি ও বাগানের পরিচর্যার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
১০	<p><b>ই- নথি:</b> ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই- নথি কার্যক্রমের সূচনা হয়। হাইড্রোকার্বন ইউনিটের ই-নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়। তেল, গ্যাস ও খনিজ সম্পদ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে ঠিকানা সংগ্রহ করে তাদেরকে ই-নথিতে পত্রজারির মাধ্যমে ডাটা চাওয়ার ব্যাপারে আলোচনা হয়।</p>	<p>মন্ত্রণালয় ভিত্তিক অধিদপ্তর সংস্থার ক্যাটাগরি (ছোট) জরিপে হাইড্রোকার্বন ইউনিটের অবস্থান প্রথম দিকে নেয়ার জন্য ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০২.১৯.১০৯

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪২৭  
০৪ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), হাইড্রোকার্বন ইউনিট
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৬) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক